বিষয়ঃ বন্যা প্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনামালা (গাইডলাইন)

১। ভূমিকা

পৃথিবীর দুর্যোগপ্রবণ দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। জলবায়ু পরিবর্তনের কারণে প্রতিবছর বিভিন্ন ধরনের প্রাকৃতিক দুর্যোগ যেমন বন্যা, ঘূর্ণিঝড়, খরা, ভূমিকম্প প্রভৃতিতে এ দেশে বিপুল সংখ্যক প্রাণহানি ঘটে এবং ব্যাপক আর্থিক ক্ষতি সাধিত হয়। এদেশে বিগত ১৯৭০, ১৯৯১ এবং ২০০৭ সালে আঘাত হানা ঘূর্ণিঝড় এবং ১৯৮৮, ১৯৯৮ এবং ২০০৪ সালের বন্যায় ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়। দুর্যোগ চলাকালীন সময়ে বন্যা আশ্রয়কেন্দ্রগুলো জান মালের নিরাপত্তা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। PRSP ও ৬ষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় সারা দেশে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয় কর্তৃক ২৭২টি বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণের সিদ্ধান্ত রয়েছে। ইতোমধ্যে ৯৯টি আশ্রয়কেন্দ্র নির্মিত হয়েছে এবং ১৭৩টি বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পরিকল্পনা কমিশন উক্ত ১৭৩টি হতে তালিকাভুক্ত সদর উপজেলা বাদ দিয়ে ডিপিপি পুনর্গঠনের নির্দেশনা প্রদান করে। এর প্রেক্ষিতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি সমন্বয়ে একটি কমিটির মাধ্যমে বন্যা প্রবণ এলাকা চিহ্নিত পূর্বক দেশের বন্যা প্রবণ ও নদী ভাঙ্গন এলাকার ৪৩টি জেলার ১৫৪টি উপজেলায় ১৫৬টি বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ কাজ শুরু করেছে। আশ্রয়কেন্দ্র নির্মাণের বিষয় যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত ইতোপূর্বে কোন

নির্দেশনামালা প্রণয়ন করা হয়নি। এতে প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন অসুবিধার সৃষ্টি হয়। এসব সমস্যা বিবেচনায় নিয়ে একটি নির্দেশনামালা প্রণয়নের সিদ্ধান্ত নেয়া হয়। এ নির্দেশনামালায় বর্ণিত বিষয়/নির্দেশনার আলোকে বাস্তবায়িতব্য বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ,রক্ষণাবেক্ষন ও হস্তান্তর প্রক্রিয়া অনুসরণ করার জন্য সকলকে যত্নবান থাকতে হবে।

২। **কমিটি সমূহঃ**

ডিপিপি অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের জন্য দুটি কমিটি আছে। একটি প্রকল্প উপদেষ্টা কমিটি (Project Advisory Committee) ও অপরটি প্রকল্প মনিটিরিং কমিটি (Project Monitoring Committee)। কমিটিদ্বয়ের গঠন ও কার্যপরিধি নিম্নরুপঃ

২.১ **প্রকল্প উপদেষ্টা কমিটির (Project Advisory Committee) গঠণঃ**

(১)	সচিব দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	-	সভাপতি
(২)	অতিরিক্ত সচিব (প্রশাসন) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	-	সদস্য
(৩)	মহাপরিচালক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	-	সদস্য
(৪)	প্রকল্প পরিচালক বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প (২য় পর্যায়), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।	-	সদস্য
(৫)	আইএমইডি'র একজন প্রতিনিধি	-	সদস্য
(৬)	পরিকল্পনা কমিশনের একজন প্রতিনিধি	-	সদস্য
(৭)	অর্থ বিভাগের একজন প্রতিনিধি	-	সদস্য
(৮)	উপ-প্রকল্প পরিচালক বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প (২য় পর্যায়), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।	-	সদস্য
(৯)	প্রোগ্রামিং ডিভিশন , পরিকল্পনা কমিশন এর একজন প্রতিনিধি	-	সদস্য
(১০)	নির্বাহী প্রকৌশলী দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	-	সদস্য

(১১) উপ-প্রধান - সদস্য-সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

২.১.১ **কর্মপরিধি**

- প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- কারিগরি এবং নীতি নির্ধারণী বিষয়ে পরামর্শ প্রদান;
- যে সকল সমস্যা সমাধানে প্রকল্প বাস্তবায়ন কমিটি ব্যর্থ হয় সে সকল সমস্যা সমাধান করা এবং যেকোন নীতি নির্ধারণী বিষয়ে সিদ্ধান্ত প্রদান;
- কমিটি প্রয়োজনে যে কোন উপযুক্ত সদস্য কো-অপট্ করতে পারবে;

বিবিধঃ

- কমিটির সভা প্রতি ২ মাসে একবার অথবা প্রয়োজন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

২.২ **প্রকল্প মনিটরিং কমিটির (Project Monitoring Committee) গঠণঃ**

(১)	মহাপরিচালক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	-	সভাপতি
(২)	প্রকল্প পরিচালক বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প (২য় পর্যায়), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।	-	সদস্য
(৩)	উপ-প্রধান (পরিকল্পনা) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	-	সদস্য
(৪)	একজন প্রতিনিধি আইএমইডি’র	-	সদস্য
(৫)	সংশ্লিষ্ট সিনিয়র সহকারী প্রধান/ সহকারী প্রধান পরিকল্পনা কমিশন	-	সদস্য
(৬)	সিনিয়র সহকারী প্রধান/ সহকারী প্রধান (পরি)-১ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	-	সদস্য
(৭)	নির্বাহী প্রকৌশলী দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	-	সদস্য
(৮)	প্রোগ্রামিং ডিভিশন, পরিকল্পনা কমিশন এর একজন প্রতিনিধি	-	সদস্য
(৯)	উপ-প্রকল্প পরিচালক বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প (২য় পর্যায়), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।	-	সদস্য-সচিব

২.২.১ **কর্মপরিধি**

- প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা, পরিবীক্ষণ এবং সার্বিক তত্ত্বাবধান;
- প্রকল্প বাস্তবায়নকালে কোন সমস্যার সৃষ্টি হলে তা সমাধানের সুপারিশ করা;
- কমিটি প্রয়োজনে যে কোন উপযুক্ত সদস্য কো-অপট্ করতে পারবে;

বিবিধঃ

- কমিটির সভা প্রতি ০২ (দুই) মাসে একবার অথবা প্রয়োজন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৩। **দরপত্র আহবান ও গ্রহণ পদ্ধতিঃ**

৩.১ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে প্রকল্প পরিচালক কেন্দ্রীয়ভাবে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর-২০০৮) এবং সংশোধিত ২০০৯ (সর্বশেষ সংশোধনী সহ) এর নিয়ম অনুসারে দরপত্র আহবান করবেন। দরপত্র সিডিউল প্রকল্প পরিচালকের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় (ত্রাণ শাখা) ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (ত্রাণ শাখা) হতে একযোগে বিক্রয় করা হবে। উপজেলা নির্বাহী অফিসার পরিপত্র মোতাবেক একটি দরপত্র উন্মুক্তকরণ কমিটি (TOC) এবং একটি দরপত্র মূল্যায়ণ কমিটি (TEC) গঠন করবেন।

৩.২ দরপত্র সিডিউল জেলা প্রশাসকের কার্যালয় (ত্রাণ শাখা) ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (ত্রাণ শাখা) এ গ্রহণ করা হবে। দরপত্র উন্মুক্তকরণ কমিটি গ্রহনকৃত দরপত্রসমূহ বিধি অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে উপস্থিত দরপত্র দাতাগণের/ তাদের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকে) উন্মুক্ত করবেন।

৩.৩ দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) পিপিআর-২০০৮ এর বিধি অনুসরণ করে ঠিকাদার নিয়োগ বিষয় মূল্যায়ন পূর্বক সুপারিশ প্রদান করবেন। দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) এর সুপারিশ মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার ঠিকাদার নিয়োগ করবেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা চুক্তিপত্র *স্বাৰর দানের জন্য নির্ধারিত ঠিকাদারকে পত্র প্রদান করবেন এবং ঠিকাদারদের অনুকূলে পরবর্তীতে চুক্তিপত্র স্বাৰরসহ কার্যাদেশ প্রদান করবেন। কার্যাদেশের অনুলিপি ও তুলনামূলক বিবরণী* "বন্যা প্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবেন।

৩.৪ সড়ক ও জনপথ বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও অন্যান্য সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানে সমজাতীয় কাজের অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারগণ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। দরপত্র ক্রয়কালীন অভিজ্ঞতার স্বপক্ষে একই ধরণের কাজের কার্যাদেশ/ চূড়ান্ত নির্মাণের প্রত্যয়নপত্র দেখাতে হবে, যা নির্বাহী প্রকৌশলী বা উপজেলা প্রকৌশলী বা পিআইও সমপর্যায়ের কর্মকর্তার নীচে নহে এমন কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

৩.৫ **দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি (TOC):**

দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটি হতে ১ (এক) জন এবং [১][সংশ্লিষ্ট ক্রয়কারী হতে ২ জন] সদস্যসহ কমিটি নিম্নরূপভাবে গঠন করা হবেঃ

১। সহকারী কমিশনার ভূমি/ *কৃষি* সম্প্রসারন *কর্মকর্তা*	-	*চেয়ারপারসন*
২। জনস্বাস্থ্য প্রকৌশলী	-	*সদস্য*
৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	-	*সদস্য সচিব*

৩.৬ **দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি (TEC):**

*কমপক্ষে ৭(সাত) জন সদস্য, যাদের মধ্যে ক্রয়কারীর নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগ বা এজেন্সীর বহির্ভূত কমপক্ষে ২(দুই) জন সদস্য অন্তর্ভূক্ত থাকবে;

*মূল্যায়নে [১ (এ) জন] বহিঃ সদস্যসহ কমপক্ষে ৫(পাঁচ) জন সদস্যের উপস্থিতি এবং মূল্যায়ন প্রতিবেদনে স্বাক্ষর আবশ্যক হবে।

১। উপজেলা প্রকৌশলী	-	আহ্বায়ক
২। *জনস্বাস্থ্য প্রকৌশলী*	-	*সদস্য*
৩। উপজেলা সমাজসেবা *কর্মকর্তা*	-	*সদস্য*
৪। উপজেলা মৎস্য *কর্মকর্তা*	-	*সদস্য*
৫। উপজেলা পশুসম্পদ কর্মকর্তা	-	*সদস্য*
৬। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা	-	*সদস্য*
৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	-	*সদস্য সচিব*

৩.৭ **মূল্যায়ন কমিটির সদস্য-প্রতি ফি বা সম্মানীঃ**

*পিপিআর-২০০৮ অনুযায়ী প্রতি সভার জন্য সদস্য প্রতি **[**৫০০(পাঁচ শত) টাকা তবে সর্বোচ্চ ১৫০০ (এক হাজার পাঁচশত)**]** হারে; উপস্থিত সকল সদস্যকে ফি বা সম্মানী প্রদান করবেন।

৪. **তদারকি ও পরিদর্শনঃ**

৪.১ সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিটি আশ্রয়কেন্দ্র নির্মাণ স্থানে একটি সাইট অফিস স্থাপন করবে। ড্রইং/এস্টিমেটের অতিরিক্ত কপি জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং সাইট অফিসে সংরক্ষণ করতে হবে। উক্ত অফিসে প্রকল্পের জন্য একটি নথি সংরক্ষণ করতে হবে। উক্ত নথিতে অনুমোদিত প্রাক্কলন, আশ্রয়কেন্দ্রের প্রতিটি অংশের ডিজাইন ও সংশ্লিষ্ট অন্যান্য দলিল সংরক্ষণ করতে হবে। এছাড়া অফিসে একটি পরিদর্শন বই থাকবে। যাঁরা নির্মাণ কাজ পরিদর্শনে যাবেন তাঁরা তাদের মন্তব্য এখানে লিপিবদ্ধ করতে পারবেন/করবেন। এছাড়াও সার্বক্ষণিকভাবে সাইট অফিসে একটি সাইট অর্ডার বুক (Site Order Book) সংরক্ষণ করতে হবে। ঠিকাদারগণ উক্ত সাইট অর্ডার বুকে দৈনন্দিন কাজ সম্পাদনের হিসাব, নির্মাণ সামগ্রী ব্যবহারের তথ্য সংরক্ষণ করবেন। প্রতিদিন নির্মাণ এবং নির্মাণের সাথে সংশ্লিষ্ট কী কী কাজ করা হয়েছে তা উক্ত বইতে লিপিবদ্ধ করে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও ঠিকাদারের প্রতিনিধি স্বাক্ষর করবেন।

৪.২ স্টক রেজিষ্টার ও পরিদর্শন খাতা সংরক্ষনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মালামাল গুদামজাত করার জন্য ঠিকাদার কর্তৃক শক্তিশালী ছাউনী এবং যথাযথভাবে কিউরিং করার জন্য প্রয়োজনীয় মিঠাপানির জলাধার তৈরী করতে হবে।

নির্মাণ সম্পর্কিত সকল কাজে মিঠা পানি ব্যবহার নিশ্চিত করতে হবে। প্রত্যেক সাইটে সার্বক্ষনিক ০১টি করে মিক্সচার মেশিন ও ভাইব্রেটর রাখার ব্যবস্থা নিতে হবে। কংক্রিটের Workability নির্ণয়ের জন্য প্রত্যেক সাইটে Slump Cone test এবং Cylinder Test এর জন্য Cylinder রাখতে হবে। পাইলিং এর প্রয়োজন হলে পাইল ড্রাইভ এর ২৮ দিন পর Pile Load Test এবং Pile Integrity Test (PIT) এর সন্তোষজনক প্রতিবেদন পাবার পরই পরবর্তী নির্মাণ কাজ করা যাবে। Pile Load Test এবং Pile Integity Test (PIT) ঠিকাদার কর্তৃক সরকার **স্বীকৃত** প্রতিষ্ঠানের মাধ্যমে নিজস্ব তত্ত্বাবধানে সম্পন্ন করতে হবে।

৪.৩ ***রড ও সিমেন্ট নিকটতম নির্ভরযোগ্য*** সরকার ***স্বীকৃত প্রতিষ্ঠান থেকে টেস্ট করতে হবে।***

৪.৪ উপজেলার প্রতিটি প্রকল্পের জন্য নির্বাচিত দরদাতা কর্তৃক সংলগ্নী-১ অনুযায়ী 5’x3’ আকারের সাইনবোর্ড স্থাপন করতে হবে।

৫. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও প্রকল্পে নিয়োজিত প্রকৌশলীর দায়িত্বঃ

৫.১ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, প্রকল্প অফিসের /অধিদপ্তরের নিয়োজিত প্রকৌশলী এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ নিম্নবর্ণিত বিষয়গুলি সার্বক্ষনিকভাবে তদারকি করবেন।

৫.১.১ চুক্তিপত্র ও টেন্ডার ডকুমেন্ট অনুযায়ী ইট, বালি, খোয়া/পাথরকুঁচি, রড, সিমেন্ট ইত্যাদি মালামালের গুণাগুণ নির্মাণ স্থানে পরীক্ষা-নিরীক্ষা (Field test) করবেন।

৫.১.২ Field test এর পূর্বে অবশ্যই নির্মাণ সামগ্রীর Lab Test করতে হবে। অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ও প্রয়োজনীয়তার নিরীখে নির্মাণ কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর Laboratory test ঠিকাদারী প্রতিষ্ঠান নিজ খরচে সম্পন্ন করে প্রকল্প পরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করবেন। উল্লেখ্য যে, উক্ত পরীক্ষাসমূহ অধিদপ্তর কর্তৃক নির্দেশিত প্রতিষ্ঠানে সম্পন্ন করতে হবে। অন্যথায়, প্রতিবেদন গ্রহনযোগ্য হবে না।

৫.১.৩ নকশা অনুযায়ী সমস্ত কাজ হচ্ছে কিনা দেখবেন।

৫.১.৪ ভিত্তির কাজ, পাইলিং, রড বাইন্ডিং, ছাদ ঢালাই ইত্যাদি সকল কাজে সংশ্লিষ্ট উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং প্রয়োজনে প্রকল্প অফিসের /অধিদপ্তরের নিয়োজিত প্রকৌশলী উপস্থিত থেকে গুণগতমান নিশ্চিত করবেন।

৫.১.৫ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও প্রকল্প অফিসের/ অধিদপ্তরের নিয়োজিত প্রকৌশলী সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে যৌথভাবে প্রতিটি আশ্রয়কেন্দ্রেরে জন্য নির্দিষ্ট ছক মোতাবেক একটি করে নির্মাণ কর্মপরিকল্পনা প্রণয়ন করতঃ কার্য সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করবেন।

৫.১.৬ নির্মাণ কাজ আরাম্ভ করার পূর্বে উক্ত কর্মকরিকল্পনার একটি অনুলিপি প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবেন। আনুপাতিক হারে কাজের অগ্রগতি না হলে ঠিকাদারকে সতর্কতা/ নির্দেশনা পত্র দিতে হবে।

৫.১.৭ কাজের গুণগত মান ও কর্মপরিকল্পনা অনুসারে নির্মাণ কাজ সমাপ্ত করণের লক্ষ্যে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও প্রকল্প অফিসের/ অধিদপ্তরের/ মন্ত্রণালয়ের নিয়োজিত প্রকৌশলী কাজের গুরুত্বপূর্ণ পর্যায়সহ নির্মাণ কাজ চলাকালে ব্যাপকভাবে নির্মাণ স্থান পরিদর্শন করবেন এবং কাজের গুণগতমান নিশ্চিত করবেন।

৫.১.৮ গুরুত্বপূর্ণ ঢালাই,বিশেষ করে আরসিসি ঢালাই এর ১ দিন পূর্বেই উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও প্রয়োজনে প্রকল্প অফিসের/অধিদপ্তরের নিয়োজিত প্রকৌশলী সেন্টারিং ও রড বাঁধা পরীক্ষা করবেন। মাপ বহিতে লিপিবদ্ধ করে ঠিকাদার অথবা তার প্রতিনিধিসহ উভয়ে মাপ বহিতে স্বাক্ষর করবেন। প্রতিটি অংশের কাজ শেষে পর্যাপ্ত কিউরিং এর দিক নির্দেশনা/ ব্যবস্থা নিবেন।

৫.১.৯ প্রতিটি পরিদর্শন শেষে পরিদর্শনকারী কর্মকর্তা নির্ধারিত ফরমে পরিদর্শন প্রতিবেদন (সংলগ্নী-০৩) প্রস্তুত করে সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ করবেন এবং ১ কপি সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রদান করবেন।

৫.১.১০ পরিদর্শনকালে কাজের ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হলে তা সংশোধনের জন্য সাইট অর্ডার বুকে লিপিবদ্ধ করবেন এবং বিশেষভাবে পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করে সংশ্লিষ্ট ঠিকাদারকে তা সংশোধনের নির্দেশ দিবেন।

৫.১.১১ লিখিত অনুমতি সাপেক্ষে ঠিকাদার সংশোধনযোগ্য অংশের কাজ সম্পন্ন না করে পরবর্তী কাজ করতে পারবেন না। কাজের শুরু থেকে শেষ পর্যন্ত প্রতিটি স্তরের কাজের ছবি/ভিডিও করতে হবে। চূড়ান্ত বিলের অর্থ প্রাপ্তির জন্য উক্ত ভিডিও এবং স্থিরচিত্রের প্রিন্ট কপির এ্যালবাম জমা দিতে হবে। চলতি বিলের জন্য সম্পাদিত কাজের অংশ চিত্রের ছবি/ ভিডিও সিডিসহ আবেদন জমা দিতে হবে।

৫.১.১২ উপজেলা প্রকল্প বাস্তবায়ন *কর্মকর্তা প্রতি সপ্তাহে প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালককে এস.এম.এস এর মাধ্যমে প্রকল্পের অগ্রগতি জানাবেন।*

৫.১.১৩ ঠিকাদারের প্রতিনিধি কাজ করলে তার ছবি, জাতীয় পরিচয় পত্র এবং স্বাক্ষর মূল ঠিকাদার কর্তৃক প্রত্যয়ন করতে হবে।

৫.১.১৪ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ অধিদপ্তর এর কর্মকর্তাগণ নির্মাণাধীন আশ্রয়কেন্দ্রসমূহ পরিদর্শন করবেন এবং প্রতিবেদন প্রদান করবেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের দায়িত্ব প্রাপ্ত সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/দায়িত্ব প্রাপ্ত প্রকৌশলী প্রতিটি আশ্রয়কেন্দ্র নির্মাণ কাজ সরেজমিনে তদারকি/ পরিদর্শন করবেন।

৫.১.১৫ ঠিকাদার নির্দেশনা ভঙ্গ করলে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।

৬.০ প্রকল্প পরিচালকের দায়িত্বঃ

প্রকল্প পরিচালক প্রতিটি আশ্রয়কেন্দ্রের নির্মাণ কাজের অগ্রগতি নিয়মিত ভাবে পর্যালোচনা করবেন। তিনি PIC, Projcet Advisory *এবং* ADP *বাস্তবায়ন অগ্রগতি সভায় প্রতিটি আশ্রয়কেন্দ্রের অগ্রগতি অবহিত করবেন। তিনি প্রকল্প সংশ্লিষ্ট প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা দায়িত্ব নিয়মিত ভাবে তদারকি করবেন এবং সংশ্লিষ্ট প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কোন সমস্যার সম্মুখীন হলে তা সমাধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।* প্রকল্প পরিচালক সকল আশ্রয়কেন্দ্র নির্মাণ স্থান পরিদর্শন সচেষ্ট থাকবেন। নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন। *আশ্রয়কেন্দ্র সর্ম্পকিত* যেকোন *পরিদর্শন প্রতিবেদনের উপর ব্যবস্থা গ্রহণ করবেন।*

৭.০ উপ-প্রকল্প পরিচালকের দায়িত্বঃ

প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক প্রতিটি আশ্রয়কেন্দ্রের নির্মাণ কাজের গুণগতমান নিয়ন্ত্রণে সার্বিক দায়িত্ব পালন করবেন। তিনি প্রতিনিয়ত সকল সাইটের কাজের তদারকি করবেন; কোন সাইটে কাজ বন্ধ থাকলে বা সমস্যা থাকলে তা সমাধানের চেষ্টা করবেন; তিনি সমাধানে ব্যর্থ হলে উর্ধ্বতন কর্মকর্তাকে জানিয়ে প্রয়োজনীয় পরামর্শ/ দিক নির্দেশনা নিয়ে সমাধান করবেন। তিনি আশ্রয়কেন্দ্রসমূহের নির্মাণ কাজ পরিদর্শন করবেন এবং প্রকল্প পরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করবেন।

৮.০ জেলা প্রশাসক এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার দায়িত্বঃ

প্রতিটি বন্যা আশ্রয়কেন্দ্রের নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা গণ নিজ নিজ জেলার নির্মাণাধীন আশ্রয়কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন করে পরিদর্শন বইতে মন্তব্য

লিপিবদ্ধ করবেন এবং মহাপরিচালক/প্রকল্প পরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করবেন।

৯.০ **উপজেলা নির্বাহী কর্মকর্তার দায়িত্বঃ**

সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ এলাকা পরিদর্শন করবেন এবং কাজের গুণগতমাণ ও সময়মত বাস্তবায়ন নিশ্চিত করবেন। সাইট পরিদর্শন করে পরিদর্শন বহিতে মন্তব্য লিপিবদ্ধ করে মহাপরিচালক/ প্রকল্প পরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করবেন। ***তিনি কমিউনিটি বেজ কমিটি গঠন করবেন এবং উক্ত কমিটি প্রতি মাসের কাজের গুণগত মান সর্ম্পকে একটি প্রতিবেদন*** উপজেলা নির্বাহী কর্মকর্তার ***অফিসে প্রেরণ করবেন অথবা টেলিফোনে অবহিত করবেন।*** তিনি নির্মাণ কাজের ***প্রতিটি স্তরে প্রকৌশলীর উপস্থিতি নিশ্চিত করবেন।***

১০.০ **সচিব ও মহাপরিচালকের দায়িত্বঃ**

সচিব মহোদয় উপদেষ্টা কমিটিতে ***আশ্রয়কেন্দ্রের কাজের অগ্রগতি ও গুরূত্বপূর্ন বিষয়ে আলোচনা করবেন। তিনি এ,ডি,পি পর্যালোচনার সভায় প্রতি মাসে কাজের অগ্রগতি ও গুরূত্বপূর্ণ বিষয়ে আলোচনা করবেন। অধিদপ্তরের মহাপরিচালক পি,আই,সি কমিটির সভায় প্রতি মাসে প্রকল্প নির্মাণ কাজের গুণগত মান, অগ্রগতি ও দিক নির্দেশনা মূলক আলোচনা করবেন।***

১১.০ **ঠিকাদারের বিল পরিশোধঃ**

১১.১ নির্মাণ কাজের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে চলতি বিল প্রদান করা যাবে। প্রতিটি সাইটের জন্য তিনটি চলতি বিল প্রদান করা যাবে। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সরেজমিনে পরিদর্শন করে সম্পাদিত কাজের যৌথ মাপ গ্রহণ করে মাপ বহিতে লিপিবদ্ধ করবেন এবং নির্মাণ কাজের খন্ডচিত্র গ্রহণপূর্বক বিল পরিশোধের সুপারিশসহ প্রকল্প বরাবরে প্রেরণ করবেন। প্রকল্পের সংশ্লিষ্ট প্রকৌশলী কর্তৃক যথাযথ যাচাই অন্তে কাজেরে গুণগতমান নিশ্চিত হয়ে প্রকল্প পরিচালক চলতি বিল পরিশোধের নিমিত্ত জিও জারি করবেন।

১১.২ সকল বিল পরিশোধের ক্ষেত্রেই নিয়মানুযায়ী নিরাপত্তা জামানতের অর্থ এবং নির্ধারিত আয়কর ও ভ্যাট এবং অন্য কোন কর্তন থাকলে তা কর্তন করে রাখতে হবে। কাজ সম্পাদনের প্রত্যয়ন পত্র প্রদানের এক বছর অতিবাহিত না হওয়া পর্যন্ত কার্য সম্পাদন জামানত ফেরৎপ্রদান করা যাবে না। এক বছর অতিবাহিত হলে সম্পাদিত কাজের মান যাচাই অন্তে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার মতামতসহ প্রত্যয়ন পত্রের ভিত্তিতে নিরাপত্তা জামানত ঠিকাদারকে ফেরৎ দেয়া যাবে। এরূপ প্রত্যয়নপত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষর গ্রহণ করতে হবে।

১১.৩ চূড়ান্ত বিল পরিশোধের পূর্বে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও প্রকল্প অফিসের/ অধিদপ্তরের নিয়োজিত প্রকৌশলী যৌথভাবে সমাপ্তি প্রতিবেদন (**সংলগ্নী-৫** অনুযায়ী) প্রস্তুত করে প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবেন।

১১.৪ চুক্তি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করতে হবে। কোন যুক্তিসংগত কারণ ছাড়া সময় বৃদ্ধি করা যাবে না। সময় বৃদ্ধির ক্ষেত্রে দরপত্র দলিল ও কার্যাদেশে দলিলের উল্লিখিত সংশ্লিষ্ট শর্তাবলী অনুসরণ করতে হবে।

১১.৫ নির্মাণ কাজ সমাপ্তির পর নমুনা মোতাবেক **শ্বেত** পাথরে তথ্যসহ নামফলক লাগাতে হবে যা ঠিকাদার স্থাপন করবেন। **(সংলগ্নী-৬)**

১১.৬ পরিপত্রের কোন শর্ত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর সাথে অসংগতিপূর্ণ হলে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর শর্তই অনুসরণ করতে হবে।

১২.০ **প্রতিবেদনঃ**

১২.১ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও প্রকল্প অফিসের/অধিদপ্তরের নিয়োজিত প্রকৌশলী কাজ আরাম্ভের সময় হতে প্রতি মাসে একটি মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ৫(পাঁচ) তারিখের মধ্যে **(সংলগ্নী-৪)** ছক অনুযায়ী প্রস্তুত করে সরাসরি প্রকল্প পরিচালক বরাবর পাঠাবেন।

১২.২ বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ কাজ সমাপ্তির পর গৃহীত চূড়ান্ত মাপের ভিত্তিতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্ত চূড়ান্ত প্রতিবেদন (Closure Report) **(সংলগ্নী-৫)** পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে প্রকল্প পরিচালকরে নিকট প্রেরণ করবেন।

১৩.০ **হস্তান্তরঃ**

১৩.১ বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণের পরপরই একটি Inventory করে প্রকল্পের দায়িত্বে নিয়োজিত প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঠিকাদারের নিকট থেকে আশ্রয়কেন্দ্রটি বুঝে নিবেন।

১৩.২ অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকৌশলী উপজেলা পরিষদের পক্ষে উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে উক্ত বন্যা আশ্রয়কেন্দ্রটি(নির্ধারিত ফরম্যাট অনুযায়ী) হস্তান্তর করবেন।

১৩.৩ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা দখল গ্রহণের পরপরই ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সাথে একটি সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষর করে হস্তান্তর করবেন।

১৩.৪ বন্যা আশ্রয়কেন্দ্রের প্রতিটি পর্যায়ের হস্তান্তরের এক কপি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। **(সংলগ্নী-২)**।

-স্বাক্ষরিত-

০৭/১২/২০১৪

মোহাম্মাদ আব্দুল ওয়াজেদ
(অতিঃ সচিব)
মহাপরিচালক

ফোনঃ ৯৮৪১৫৮১।
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৫১.০১.০০০০.০২৫.১৪.৪১০.১৪.৪০২ তারিখঃ ০১/০১/২০১৫

বিতরণঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাও, ঢাকা।

০৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। প্রকল্প পরিচালক, বন্যা প্রবণ ও নদী ভাঙন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ(২য় পর্যায়) প্রকল্প,

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।

০৬। উপ-প্রধান (পরিকল্পনা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট সকল)।

০৯। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (সংশ্লিষ্ট সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল)।

১২। জেলা ত্রাণ ও পুণর্বাসন কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)।

১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)।

মোঃ জাকির হোসেন
(যুগ্ম-সচিব)
প্রকল্প পরিচালক
বন্যা প্রবণ ও নদীভাঙন এলাকায় বন্যা
আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়) প্রকল্প

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **সংলগ্নী-১**

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

সাইনবোর্ড

"বন্যা প্রবণ ও নদীভাঙন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়)" প্রকল্প

আর্থিক বছর ....

গ্রামঃ..........................উপজেলা:................

ক)	প্যাকেজ নম্বর	:
খ)	বন্যা আশ্রয়কেন্দ্রের নাম	:
গ)	বন্যা আশ্রয়কেন্দ্রের অবস্থান	:
ঘ)	প্রাক্কলিত মূল্য	:
ঙ)	চুক্তি মূল্য	:
চ)	ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	:
ছ)	কার্যাদেশ প্রদানের তারিখ	:
জ)	কাজ শেষ করার প্রত্যাশিত তারিখ	:
ঝ)	আশ্রয়কেন্দ্রের মোট আয়তন	:
ঞ)	আশ্রয়কেন্দ্রের ধারণ ক্ষমতা	**: ক) লোকসংখ্যা :** **খ) গবাদিপশু :**

উপজেলা নির্বাহী অফিসারের মোবাইল নম্বরঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার মোবাইল নম্বরঃ

সংলগ্নী-২

নির্মিত বন্যা আশ্রয়কেন্দ্র গ্রহণ ও হস্তান্তরের সমঝোতা স্মারক

১। বন্যা আশ্রয়কেন্দ্রের নাম :

২। হস্তান্তরের তারিখ :

৩। হস্তান্তরকারী কর্তৃপক্ষ :

৪। গ্রহণকারী কর্তৃপক্ষ :

৫। হস্তান্তরের শর্তাবলী :

ক) গ্রহণকারী ও ব্যবহারকারী প্রতিষ্ঠান ভবনটি ব্যবহার করবে এবং ভবনের যাবতীয় রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করবে।

খ) দুর্যোগকালে প্রয়োজন হওয়ার সাথে সাথে আশ্রয়কেন্দ্রগুলি বন্যা কবলিত মানুষের ব্যবহারের জন্য উন্মুক্ত করে দিতে হবে।

গ) দুর্যোগ শেষে আশ্রয় গ্রহণকারীগণ আশ্রয়কেন্দ্র ছেড়ে চলে গেলে আশ্রয়কেন্দ্র পরিস্কার করণসহ যাবতীয় রক্ষণাবেক্ষণ কাজ গ্রহণকারী/ ব্যবহারকারী প্রতিষ্ঠানকে করতে হবে।

ঘ) আশ্রয়কেন্দ্রের নিচ তলা কমিউনিটি সেন্টার হিসাবে ভাড়া দেয়া যাবে। ভাড়া হিসাবে প্রাপ্ত আয় গ্রহণকারী/ ব্যবহারকারী প্রতিষ্ঠানের হিসাবে জমা হবে এবং ভবনের রক্ষণাবেক্ষণ কাজে ব্যয় করা যাবে।

ঙ) উপজেলা পরিষদ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার মাধ্যমে আশ্রয় কেন্দ্রের যাবতীয় কর্মকান্ড তদারকি করবে।

চ) বন্যা আশ্রয়কেন্দ্রের নিচ তলায় কোন রকম স্থায়ী দেয়াল নির্মাণ করা যাবে না এবং ডিজাইনের কোন পরিবর্তন করা যাবে না।

গ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর	উপজেলা নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর
নামঃ	নামঃ
পদবীঃ	পদবীঃ

সংলগ্নী-৩

নিয়োজিত প্রকৌশলী / উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কর্তৃক বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ কাজের পরিদর্শন প্রতিবেদন:

উপজেলা............................... জেলা.................

১। বন্যা আশ্রয়কেন্দ্রের নাম.....................ইউনিয়ন...........

২। ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম.......................................

৩। কার্যাদেশ অনুযায়ী অর্থের পরিমাণ টাকাঃ............

৪। এই পর্যন্ত ঠিকাদারকে পরিশোধিত অর্থের পরিমাণ (কিস্তি অনুযায়ী):

কিস্তি	তারিখ	টাকা

৫। কার্যাদেশ প্রদানের তারিখ................ কাজ আরাম্ভের তারিখ...........

৬। কাজ শেষ হওয়ার নির্ধারিত তারিখ.........................

৭। পরিদর্শনের তারিখ..................................

৮। প্রকল্প এলাকায় সঠিক সাইনবোর্ড আছে কি? হ্যাঁ ☐ না ☐

৯। প্রকল্পের কাজ চলিতেছে কি না? হ্যাঁ ☐ না ☐

১০। প্রকল্পের কোন পর্যায়ের কাজ চলিতেছে?

১১। এই পর্যন্ত নির্মাণ কাজের কোন কোন ধাপ সম্পন্ন হইয়াছে?

১২। আশ্রয়কেন্দ্রের ডিজাইন, নক্সা এবং নির্মাণ কাজে ব্যবহৃত মালমালা ইত্যাদি চুক্তি মোতাবেক হইয়াছে?

হ্যাঁ ☐ না ☐

১৩। কাজের গুনগতমান সন্তোষজনক কি না? হ্যাঁ ☐ না ☐

১৪। প্রকল্প স্থলে ও গুদামে রক্ষিত নির্মাণ সামগ্রীর সংক্ষিপ্ত বর্ণনাঃ

১৫। প্রকল্প স্থানের বিষয়ে অথবা কাজ সম্পাদনে কোন সমস্যা থাকিলে বর্ণনা করুনঃ............................

....

১৬। পরিদর্শন কর্মকর্তার মতে ঠিকাদারকে আর বিল প্রদান যুক্তিসংগত কি না? হ্যাঁ ☐ না ☐

পরিদর্শন কর্মকর্তার

স্বাক্ষর...........................

নাম............................

পদবী...........................

তারিখ...........................

বিতরণ কার্যার্থেঃ

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

২। প্রকল্প পরিচালক, বন্যা প্রবণ ও নদীভাঙন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়) প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৩। উপ-প্রকল্প পরিচালক, বন্যা প্রবণ ও নদীভাঙন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়) প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

<u>সংলগ্নী-৪</u>

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অধীন বাস্তবায়িত প্রকল্পসমূহের মাসিক অগ্রগতির প্রতিবেদন।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর

প্রকল্পের নাম	কাজ শুরু ও শেষ তারিখ	কার্যাদেশকৃত টাকার পরিমাণ (লক্ষ টাকা)	প্রকল্প দপ্তর হতে ছাড়কৃত টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	বাস্তব অগ্রগতি (গড়)	আর্থিক অগ্রগতির গড়	মন্তব্য (কি কি কাজ হচ্ছে)

উপজেলা:............ জেলা:..........

তাং -------------------------

বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণের সমাপ্তি প্রতিবেদন

উপজেলা .... অর্থ বৎসর ....

জেলা ....

১। বন্যা আশ্রয়কেন্দ্র কেন্দ্রের নামঃ ....

২। অবস্থান (ইউনিয়ন): ....

৩। কার্যাদেশ প্রদানের তারিখঃ ....

৪। কাজ আরাম্ভের তারিখঃ ....

৫। কাজ সমাপ্তির তারিখঃ ক) কার্যাদেশ অনুযায়ী ....

খ) প্রকৃত ....

৬। প্রাক্কলিত ব্যয়ঃ টাকা ....

৭। অনুমোদিত দর টাকা ....

৮। সম্ভাব্য উপকারভোগীর সংখ্যা ....

৯। নির্মাণ কাজের গুণগত মানের সংক্ষিপ্ত বিবরণ ....

প্রকল্পে নিয়োজিত প্রকৌশলীর স্বাক্ষর

তারিখঃ ....

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার স্বাক্ষর

তারিখঃ ....

ঠিকাদারের স্বাক্ষর

তারিখঃ ....

সংলগ্নী-৬

বাংলাদেশের বন্যা প্রবণ ও নদীভাঙন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়) প্রকল্প ভবনের সম্মুখভাগে

Parapet Wall এর মাঝখানে প্লাস্টার করে কমপক্ষে ৯” আকারে লেখার নমুনাঃ

.... বন্যা আশ্রয়কেন্দ্র ।

বাস্তবায়নেঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

বাস্তবায়নকালঃ